গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mos.gov.bd

বিষয়ঃ **কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত ''ইনোভেশন টিম'' এর ৩১-০৫-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়
তারিখ : ৩১-০৫-২০১৬।
সময় : বিকাল ৩.০০ ঘটিকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং-৬, কক্ষ নং-৮০৬, ৮০৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে করণীয় সম্পর্কে আলোকপাত করেন। অতঃপর উপসচিব (প্রশাসন) গত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এ প্রেক্ষিতে সভায় মন্ত্রণালয়ের উদ্ভাবনী চর্চার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্তসমূহ |
|---|---|
| (১) | নৌ-পরিবহন মন্ত্রণালয়েরর ৩ (তিন) সদস্য বিশিষ্ট WIT (Work Improvement Team) এর কার্যক্রম আরো জোরদার করতে হবে। |
| (২) | মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার, ওয়েবসাইট, কর্মকর্তাদের টেলিফোন নম্বর এবং সংস্থা/দপ্তর প্রধানদের টেলিফোন ও ই-মেইল হালনাগাদ ও জীবন বৃত্তান্ত (বায়োডাটা) সংযোজন করতে হবে। মন্ত্রণালয়ের ওয়েব পোর্টালে বাজেট, অডিট আপত্তি, প্রকল্প এবং কর্মসূচি সম্পর্কে হালনাগাদ তথ্য দিতে হবে। |
| (৩) | সচিব মহোদয় এবং মন্ত্রী মহোদয়ের দৈনিক কর্মসূচি ওয়েবসাইটে ডিসপ্লে করতে হবে। |
| (৪) | প্রতি মাসের দ্বিতীয় সোমবার সকাল ১০.৩০ ঘটিকায় ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হবে। |
| (৫) | মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা/দপ্তরের কর্মপরিধি অনুযায়ী গঠিত ইনোভেশন কমিটির সভায় এ সংক্রান্ত যে কার্যক্রম সম্পন্ন করা হয়েছে তার প্রতিবেদন মন্ত্রণালয়ে নিয়মিতভাবে প্রেরণ করতে হবে। |
| (৬) | ইনোভেশন টিমের সভায় প্রত্যেক সদস্যকে একটি করে নতুন ধারণা (Innovative idea) পেশ করতে হবে। মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় ইনোভেশন কার্যক্রম এজেন্ডাভুক্ত ও পর্যালোচনা করতে হবে। |
| (৭) | মন্ত্রণালয়ে একটি তথ্য ব্যাংক (ইনফো ব্যাংক) প্রতিষ্ঠা করতে হবে। এ জন্য বারটি সংস্থাকে তিনটি ভাগে ভাগ করে নিম্নরূপ তিন সদস্য বিশিষ্ট একটি ইনফো ব্যাংক তথ্য সংগ্রহের কমিটি করতে হবে। বাণিজ্য উইং এর দায়িত্বে বেগম জাজরীন নাহার, সিনিয়র সহকারী সচিব (পায়রা), উন্নয়ণ উইং এর দায়িত্বে জনাব মোঃ মনোয়ার হোসেন, উপসচিব (বাণিজ্যিক), প্রশাসন উইং এর দায়িত্বে জনাব শাহ্ এস, এম হাবিবুর রহমান হাকিম তথ্য সংগ্রহ করবেন। উল্লেখ্য, কমিটি যুগ্মসচিব জনাব মোঃ দেলওয়ার হায়দার কর্তৃক প্রদত্ত তথ্য সংগ্রহের ছক ব্যবহার করবেন এবং তাঁর নির্দেশনা ও পরামর্শ মোতাবেক কাজ করবেন। |
| (৮) | নৌ-পরিবার নামে একটি ফেইসবুক গ্রুপ গঠন করতে হবে। এই গ্রুপে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা সদস্য হবেন। |
| (৯) | কোন কর্মকর্তা বিদেশ প্রশিক্ষণ শেষে দেশে প্রত্যাবর্তনের পর তাঁর অভিজ্ঞতা আনুষ্ঠানিকভাবে ব্রীফ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| (১০) | ই-ফাইলিং বাস্তবায়ন করতে হবে। |
| (১১) | লঞ্চ-স্টিমারের ছাদে ১-২ শত গজ রশি দিয়ে প্লাস্টিক কন্টেইনারে বেঁধে রাখতে হবে যাতে লঞ্চ বা স্টিমার ডুবে গেলেও উক্ত কন্টেইনারটি ভেসে থাকবে। এতে ডুবন্ত লঞ্চটির অবস্থান বোঝা যাবে। |
| (১২) | সকল কর্মকর্তাদের মোবাইলে ইমো, ভাইবার ও স্কাইপি ইনস্টল থাকতে হবে। সকল কর্মকর্তাকে স্মার্ট ফোন ব্যবহার করতে হবে। |
| (১৩) | ওয়াশ রুম সমূহ নিয়মিত পরিস্কার করার বিষয়টি নিশ্চিত করতে হবে। ক্লিনারগণ দিনে ২(দুই)বার টয়লেট পরিস্কার করবেন। এ কাজের সুষ্ঠু তদারকি নিশ্চিত করতে যুগ্মসচিব মোঃ রেজাউল করিম এর নিকট ক্লিনারগণ রিপোর্ট |

| | |
|---|---|
| | করবেন। |
| (১৪) | সবগুলি কম্পিউটারে এন্টি ভাইরাস ইনস্টল করতে হবে। |
| (১৫) | সার্ভার রুম পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। সার্ভার রুমের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। |
| (১৬) | আগ্রহী কর্মকর্তা/কর্মচারীকে ফটোশপ ও পাওয়ার পয়েন্ট এর উপর প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। প্রোগ্রামার প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন। |
| (১৭) | মন্ত্রণালয়ের কর্মকর্তাদের ফোন, ইন্টারকম এবং কম্পিউটারের চাহিদা নিরুপনপূর্বক তালিকা করে দ্রুত উপস্থাপন করতে হবে। |
| (১৮) | ইঁদুরের আক্রমণ থেকে ইন্টারনেট ও ইন্টারকম কানেকশন রক্ষার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর পত্র দিতে হবে। |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৪/০৬/২০১৬

(মোঃ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
নৌ-পরিবহন মন্ত্রণালয়।

নং-১৮.০১১.০৩১.০০.০০.০০৯.২০১২- তারিখঃ ১৪/০৬/২০১৬।

**<u>অনুলিপিঃ অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):</u>**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)।
২। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, ঢাকা।
৩। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/চবক/মবক/বাস্থবক/পায়রা বন্দর কর্তৃপক্ষ/প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল।
৪। জনাব এএসএম মামুনুর রহমান খলিলী, যুগ্ম-সচিব (চবক/**পাবক**), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৬। মহাপরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর, ঢাকা।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। বেগম নাসরীন আফরোজ, পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৯। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম।
১০। জনাব দেলওয়ার হায়দার, যুগ্মসচিব (মেরিন **ও এনএমআই**), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
১১। জনাব মোঃ রেজাউল করিম, যুগ্মসচিব (টিসি ও **বিএসসি**), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
১২। উপসচিব (জাহাজ/মবক /টিএ/ /বিএসসি/বন্দর), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
১৩। বেগম ফাহমিদা আখতার, উপসচিব (প্রশাসন), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।
১৬। জনাব এস, এম হাবিবুর রহমান হাকিম, সিনিয়র সহকারী সচিব (জাহাজ), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
১৭। জনাব মোঃ আবেদ আলী, সিনিয়র সহকারী সচিব (প্রশা-১), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
১৮। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ণ/বাণিজ্যিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়।
১৯। যুগ্মসচিব (আইন হালনাগাদ করণ /বাস্থবক ও মবক/চবক/প্রশাসন/আইন ও অডিট/বাজেট/মেরিন ও এনএমআই/টিসি ও বিএসসি/যুগ্মপ্রধান) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়।

(মোঃ আবেদ আলী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৫৫৫